ময়মনসিংহ প্রেসক্লাব : হাইকোর্টের আদেশ স্থগিত হওয়ায় বর্তমান কমিটির দায়িত্ব পালনে বাধা নেই

আইয়ুব আলী, ময়মনসিংহ :: মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের অবকাশকালীন বেঞ্চ হাইকোর্টের আদেশ স্থগিত হওয়ায় ময়মনসিংহ প্রেসক্লাবের বর্তমান কমিটির দায়িত্ব পালনে এখন আর কোনো বাধা নেই। ১৫ সেপ্টেম্বর (সোমবার) মহামান্য সুপ্রীম কোর্টের অবকাশকালীন বেঞ্চের আপিল বিভাগের বিচারপতি মো. রেজাউল হক হাইকোর্টের ওই আদেশ নিয়মিত লীভ পিটিশন (সিপি) দাখিল করা পর্যন্ত স্থগিতাদেশ দিয়েছেন।

সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী আসাদুজ্জামান আনসারী জানান, মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের অবকাশকালীন বেঞ্চে স্থগিতাদেশ হওয়ায় ময়মনসিংহ প্রেসক্লাবের বর্তমান কমিটির দায়িত্ব পালনে এখন আর কোনো বাধা নেই।

উল্লেখ, ময়মনসিংহ প্রেসক্লাবের বর্তমান কমিটি বাতিল ও নতুন নির্বাচনের আদেশ চেয়ে ৮ জানুয়ারী প্রেসক্লাব সদস্য এম এ মোতালেব মহামান্য হাইকোর্টে রিট করেন। গত ৯ মার্চ হাইকোর্টের বিচারপতি মো. আকরাম হোসেন চৌধুরী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজা রিটের কোনো আদেশ না দিয়ে রুল জারি করেন। ১৯ আগস্ট হাইকোর্টের বিচারপতি মো. আকরাম হোসেন চৌধুরী ও বিচারপতি ফয়েজ আহমেদ এর দ্বৈত বেঞ্চ ময়মনসিংহের জেলা প্রশাসক ও ময়মনসিংহ প্রেসক্লাবের সভাপতিকে প্রেসক্লাব গঠনতন্ত্রের ৪৭ ধারা অনুযায়ী অবিলম্বে নির্বাচন অনুষ্ঠানের আদেশ দেন। ওই আদেশের স্থগিতাদেশ চেয়ে ময়মনসিংহ প্রেসক্লাবের বর্তমান কমিটির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিভিল মিসেলেনিয়াস পিটিশন ৬৯৯/২০২৫ দায়ের করেন। ১৫ সেপ্টেম্বর মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের অবকাশকালীন বেঞ্চের বিচারপতি মো. রেজাউল হক হাইকোর্টের ওই আদেশ নিয়মিত লীভ পিটিশন (সিপি) দাখিল করা পর্যন্ত স্থগিতাদেশ দিয়েছেন।

আপিলকারি সাংবাদিক সাইফুল ইসলামের পক্ষে মামলা পরিচালনা করেন অ্যার্টনি জেনারেল মো. আসাদুজ্জামান ও সিনিয়র আইনজীবী মো. আসাদুজ্জামান আনসারী। রিটকারী এম এ মোতালেবের পক্ষে মামলা পরিচালনা করেন সিনিয়র অ্যাডভোকেট ফজলুর রহমান ও অ্যাডভোকেট আব্দুল হাই। ##